



পাতা পেঁয়াজ উৎপাদন কলাকৌশল

পাতা পেঁয়াজ (*Allium fistulosum* L.) বহুবর্ষজীবী মসলা ফসল। এটি স্বাদে ও গন্ধে প্রায় সাধারণ পেঁয়াজের মত বিধায় পেঁয়াজের বিকল্প হিসাবে ব্যবহার করা হয়। গাছের পুরো অংশই খাওয়া যায়। সাদা সিউডোস্টেম তরকারীতে এবং সবুজ পাতা সালাদ, সুপ, নুডুলস, স্যাণ্ডউইচ ইত্যাদিতে ব্যবহার হয়ে থাকে। এটি পরিপাক ক্রিয়ায় সহায়তা করে, চোখের দৃষ্টিশক্তি দৃষ্টি করে, মাথাব্যথা, বাতের ব্যাথা, হৃদরোগ এবং ঠাণ্ডাজনিত রোগ উপশমে সহায়তা করে। বসতভিটাসহ মাঠ পর্যায়ের সারা বছর চাষ করা যায়। বাসাবাড়ির ছাদে টবেও চাষ করা যায়। বীজ বা কুশির মাধ্যমে বংশ বিস্তার হয়ে থাকে। এক হেক্টর জমিতে পাতা পেঁয়াজ উৎপাদনে খরচ হয় পচাঁশি থেকে নব্বই হাজার টাকা এবং খরচ বাদে দেড় থেকে দুই লক্ষ টাকা লাভ করা সম্ভব।

- বারি পাতা পেঁয়াজ-১ পার্পল ব্লচ রোগ সহিষ্ণু। একটি গাছ থেকে অনেক গুলি কুশি হয়ে থাকে।
- পোকামাকড়ের উপদ্রব নেই। রেটুন ফসল হিসেবেও চাষ করা যায়।
- সাধারণ পেঁয়াজের মত বাস্ব হয় না। বাস্বের স্থানে সিউডোস্টেম উৎপন্ন হয়।
- প্রতি হেক্টর জমি থেকে ৭.৫-৮.৫ টন পাতা এবং সাদা অংশসহ ১২-১৫ টন ফলন পাওয়া যায়।



চারা উৎপাদন (ডিসেম্বর-জানুয়ারি)

ডিসেম্বর থেকে জানুয়ারির মধ্যে বীজতলায় বীজ বপন করা হয়। প্রতি হেক্টরে সারি পদ্ধতিতে ৪-৫ কেজি এবং ছিটিয়ে বপন করলে ৬-৮ কেজি বীজের প্রয়োজন হয়। এক হেক্টর জমির জন্য ৬-৬.৫ লক্ষ চারা প্রয়োজন।

চারা রোপন (জানুয়ারি-ফেব্রুয়ারি)

চারা ২০ সেমি. X ১৫ সেমি. অথবা ২০ X ২০ সেমি. দূরত্বে রোপন করা হয়। পাতা পেঁয়াজ উৎপাদনের জন্য জমিতে পাঁচ গোবর ৪০০০-৫০০০, ইউরিয়া ১৫০-২০০, টিএসপি ১৫০-২০০, এমওপি ১০০-২৫০ এবং জিপসাম ১০০-১২০ কেজি/হেক্টর প্রয়োগ করতে হবে।

ফসল সংগ্রহ (এপ্রিল-নভেম্বর)

চারা রোপনের ২ (দুই) মাস পর থেকে পাতা সংগ্রহ করা যায়। প্রথম সংগ্রহের ২০-২৫ দিন পরপর পাতা সংগ্রহ করা যায়। ডিসেম্বর-জানুয়ারি মাসে বীজ বপন করা হলে নভেম্বর পর্যন্ত গড়ে ৪-৫ বার এবং মে-জুন মাসে বীজ বপন করা হলে নভেম্বর পর্যন্ত ২-৩ বার পাতা সংগ্রহ করা যায়।

বীজ উৎপাদন ও সংগ্রহ (ডিসেম্বর-জুন)

- অক্টোবর-নভেম্বর মাসে বীজ বপন করা হলে ডিসেম্বর মাসে পাতা পেঁয়াজের ফুল আসা শুরু হয়।
- পরিপক্ব কদমের শতকরা ২০-২৫টি ফল ফেটে কালো বীজ বের হলে কদমটি কেটে সংগ্রহ করা হয়।
- পাতা পেঁয়াজের বীজ সাধারণত: মার্চের শেষ সপ্তাহ থেকে জুন মাস পর্যন্ত সংগ্রহ করা হয়।
- উত্তম ব্যবস্থাপনার মাধ্যমে এক হেক্টর জমি থেকে ৯০০-১০০০ কেজি বীজ পাওয়া যায়।



বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন :

- (১) মসলা গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, শিবগঞ্জ, বগুড়া।
টেলিফোন : ০৫০৩৩-৬৯০৮০, ই-মেইলঃ srcinchargeshibganj@gmail.com
- (২) আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
টেলিফোন : ০২-৪৯২৭০১২৮, ই-মেইলঃ rsrcbari@yahoo.com
- (৩) বারি মোবাইল এ্যাপস : BARI Application

